

শুগান্ধ

প্রিন্ট: ২৫ আগস্ট ২০২৫, ০৭:২১ এএম

শিক্ষাত্মক

জাকসু নির্বাচনে এনসিপির ছাত্র সংগঠনের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা



জাবি প্রতিনিধি

প্রকাশ: ২২ আগস্ট ২০২৫, ১০:৩৫ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনে পুর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ছাত্র সংগঠন বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগছাস)।

শুক্রবার (২২ আগস্ট) বিকাল ৪টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারের পাদদেশে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বাগছাস নেতারা। প্যানেলের নাম দেওয়া হয়েছে ‘শিক্ষার্থী ঐক্য ফোরাম’।

জাকসুর আসন্ন নির্বাচনে এ প্যানেল থেকে ভিপি (সহ-সভাপতি) পদে লড়বেন সংগঠনটির জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক আরিফুজ্জামান উজ্জ্বল। আর জিএস (সাধারণ সম্পাদক) পদে লড়বেন সংগঠনটির জাবি শাখার সদস্য সচিব আবু তোহিদ মো. সিয়াম।

এছাড়া যুগ্ম সাধারণ সম্পাদক (নারী) পদে মালিহা নামলাহ, যুগ্ম সাধারণ সম্পাদক (পুরুষ) পদে জিয়া উদ্দিন আয়ান, শিক্ষা ও গবেষণা সম্পাদক পদে ফারহানা বিনতে জিগার ফারিনা, পরিবেশ ও প্রকৃতি সংরক্ষণ বিষয়ক সম্পাদক পদে মো. সাজ্জাদ হোসেন, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক পদে মার্জিউর রহমান চৌধুরী, সাংস্কৃতিক সম্পাদক পদে রাসেদ হোসেন, সহ-সাংস্কৃতিক সম্পাদক পদে ফাতেমা তুজ জোহরা (বৈশাখী), সহ-ক্রীড়া সম্পাদক (নারী) পদে সাবিকুন্নাহার (পলি), সহ-ক্রীড়া সম্পাদক (পুরুষ) পদে রিং ইয়ং মুরং (রূপম), তথ্য-প্রযুক্তি ও গ্রন্থাগার সম্পাদক পদে নকিব আল মাহমুদ অর্গ'ব, সমাজসেবা ও মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক পদে আহসান লাবীব, সহ-সমাজসেবা ও মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক (নারী) পদে নাদিয়া রহমান অন্নেষা, সহ-সমাজসেবা ও মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক (পুরুষ) পদে কাজী মেহরাব (তুর্য), স্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তা বিষয়ক সম্পাদক পদে নাসিম আল তারিক, পরিবহণ ও যোগাযোগ সম্পাদক পদে মো. নাহিদ হাসান (ইমন)।

এছাড়াও কার্যকরী সদস্য ছেলে (৩ জন) পদে রয়েছেন- সাদাত ইবনে ইসলাম, তাসীন আহমেদ, মোহাম্মদ আলী চিশতি। কার্যকরী সদস্য নারী (৩ জন) পদে রয়েছেন- পৃষ্ঠতী খান, তানজিলা তাসনীম সেতু, আফিয়া ইবনাত সামিহা।

জাকসুর ২৫ পদের মধ্যে ২৩ পদে প্রার্থী ঘোষণা করেছে বাগচাস। ক্রীড়া সম্পাদক পদে
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ফুটবল দল ও জাতীয় ফুটবল দলের (অনুধর্ব-২৩) খেলোয়াড়
মাহমুদুল হাসান কিরণের প্রতি সমর্থন জানিয়ে বাগচাসের প্যানেলে এ পদটি শূন্য রাখা হয়েছে।
নাট্য সম্পাদক পদে প্রার্থীর নাম পরে ঘোষণা করা হবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।